



তথ্য বিবরণী

নম্বর: ৬৭

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ময়মনসিংহে বিভাগীয় দপ্তর প্রধানগণের অংশগ্রহণে কর্মশালা

ময়মনসিংহ (বুধবার, ১৫ নভেম্বর, ২০২৩ খ্রি.):

বিভাগীয় কার্যালয়ের দপ্তর প্রধানগণের অংশগ্রহণে ময়মনসিংহে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (১৫ নভেম্বর) ময়মনসিংহ জেলা পরিষদের ভাষা শহীদ আব্দুল জব্বার মিলনায়তনে ময়মনসিংহ বিভাগীয় প্রশাসনের আয়োজনে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

২০৪১ সালে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যকে সামনে রেখে বিভাগীয় পর্যায়ের দপ্তরসমূহের কার্যক্রমকে আরো শানিত ও ফলপ্রসূকরণে এবং দপ্তরসমূহকে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের সাথে আরও বেশি করে কিভাবে সম্পৃক্ত করা যায় সে উদ্দেশ্যকে সামনে রেখে এ কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় অংশগ্রহণকারীগণ কয়েকটি গুপে বিভক্ত হয়ে এ সংক্রান্ত কর্মপরিকল্পনায় অংশ নেন।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার উম্মে সালামা তানজিয়া। তিনি বলেন, আগামী স্বপ্নকে বাস্তবায়ন করতে বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাদের জেলা কর্মকর্তাদের মাঝে এ স্বপ্নকে পৌঁছে দিতে হবে। নিজ নিজ পর্যায় থেকে পরবর্তী পর্যায়ে স্মার্ট বাংলাদেশের লক্ষ্য ও উদ্দেশ্যকে বিস্তৃত করতে হবে। স্মার্ট বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়নে ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়ন জরুরী। ২০৪১ সালে নিজ নিজ কর্মক্ষেত্রে কেমন দেখাবে অথবা কর্মক্ষেত্রের পরিবেশ কেমন হবে, সেটা আগে থেকেই প্ল্যান করে ফেলতে হবে। ডিজিটাল বাংলাদেশ হচ্ছে স্মার্ট বাংলাদেশ। সুতরাং দেশের ডিজিটাল রূপান্তর ঘটাতে হবে। আর এক্ষেত্রে জরুরি হচ্ছে, ডিজিটাল বাংলাদেশের বাস্তবায়ন যে সরকারি কর্মকর্তাদের পক্ষে সম্ভব, সে বিশ্বাস রাখতে হবে। বিভাগীয় প্রশাসক আয়োজিত কর্মশালার গুরুত্ব উল্লেখ করে এ কর্মশালার মধ্য দিয়ে বিভাগীয় কর্মকর্তাগণ উপকৃত হবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

কর্মশালায় ময়মনসিংহ রেঞ্জ ডিআইজি মোঃ শাহ আবিদ হোসেন, সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ ইউসুফ আলী, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মোহাম্মদ আজিজুর রহমান, জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজার রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ আবদুল আউয়াল, বিভাগীয় বন কর্মকর্তা আ ন ম আব্দুল ওয়াদুদ, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক নাজনীন সুলতানা, পরিবেশ অধিদপ্তরের পরিচালক দিলরুবা আহমেদ, প্রাথমিক শিক্ষা বিভাগের বিভাগীয় উপপরিচালক মোহাম্মদ আলী রেজা প্রমুখ উপস্থিত ছিলেন।

#

রিদওয়ান/দেওয়ান/মনির/হুদা/সজিব/২০২৩/১২:৩০ ঘন্টা